[redacted]

[redacted]

মেহেরপুরে গলাই ফাঁস দিয়ে বৃদ্ধার আত্ম*হত্যা

পারিবারিক কলহের জের ধরে আফিয়া খাতুন (৬৫) নামের এক বৃদ্ধা গলাই ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। আফিয়া খাতুন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের মৃত আনিসুর রহমানের স্ত্রী।

শনিবার (৮ অক্টোবর) বেলা আড়াইটার দিকে নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দেন।

পারিবারিক সূতের বরাত দিয়ে স্থানীয়রা বলেন, পারিবারিক কলহের জের ধরে নিজ ঘরে গলায় ফাঁস দেন। এসময় পরিবারের সদস্যরা তাকে মূমূর্ষ অবস্থায় উদ্ধার করে মেহেরপুর – ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে আসেন।

মেহেরপুর – ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

মেহেরপুরে ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ, আনুমানিক ক্ষতি ৩০ লাখ

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের শ্রী গাড়ির মাঠে কৃষকের ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা। এতে কৃষকের আনুমানিক ৩০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান কৃষকরা ।

রবিবার দিবাগত রাতের কোনো এক সময় কলা তছরুপের এই ঘটনা ঘটে।

সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার জানান, ১৫ থেকে ২০ বিঘা জমিতে প্রায় আড়াই থেকে তিন হাজার কাঁদি কলা তছরুপ করা হয়েছে। তিনি বলেন, ক্ষতিগ্রস্থ কৃষকদের সরকারি সহায়তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

খবর পেয়ে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ শংকর কুমার মজুমদার, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার ঘটনাস্থলে যান।

এঘটনায় সন্দেহভাজনদের আসামি করে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন কৃষকরা।
বিস্তারিত আসছে—-